



সংকটের মধ্যেও জনগণের কাছে দায়বদ্ধ সরকার: রিজভী



রুহুল কবির রিজভী | ছবি: সংগৃহীত

দেশের নানা ধরনের সংকটের মধ্যেও জনগণের প্রতি দায়বদ্ধতা ও জবাবদিহিতা বজায় রেখে সরকার কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

রোববার (২৩ আগস্ট) বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, দেশের বর্তমান পরিস্থিতির পেছনে প্রাকৃতিক দুর্যোগের পাশাপাশি আন্তর্জাতিক নানা ঘটনাও প্রভাব ফেলছে। বিভিন্ন দেশে চলমান যুদ্ধের কারণে জ্বালানি সরবরাহে সংকট তৈরি হয়েছে। এর প্রভাব বাংলাদেশেও পড়েছে, বিশেষ করে গ্যাস ও এলএনজি সরবরাহে।

জ্বালানি সংকটের কারণে গত কয়েকদিন ধরে দেশের বিভিন্ন এলাকায় গ্যাসের চাপ কমে গেছে বলে জানান তিনি। এর প্রভাব পড়েছে শিল্পকারখানাতেও। কিছু এলাকায় কারখানার উৎপাদন কার্যক্রম ব্যাহত হয়েছে।

মহেশখালীর ভাসমান এলএনজি টার্মিনালে যে কারিগরি সমস্যা দেখা দিয়েছিল, সেটি এরই মধ্যে পুরোপুরি ঠিক করা হয়েছে বলে জানান রিজভী। এলএনজিবাহী কার্গোও ইতোমধ্যে সেখানে পৌঁছেছে এবং সরবরাহ স্বাভাবিকভাবে শুরু হয়েছে বলে উল্লেখ করেন তিনি।

রিজভী আরও বলেন, গ্যাসের চাপ কমে যাওয়ার কারণে দেশের বিভিন্ন অঞ্চলে যে সমস্যা তৈরি হয়েছিল, পরিস্থিতি এখন অনেকটাই উন্নত হয়েছে। একই সঙ্গে লোডশেডিংও আগের তুলনায় কমেছে।

সংকটের মধ্যেও সরকার জনগণের সামাজিক নিরাপত্তা কর্মসূচি চালু রাখার চেষ্টা করছে বলে জানান বিএনপির এই নেতা। সরকারের প্রতিটি কর্মকাণ্ডে জবাবদিহিতা নিশ্চিত করা হবে উল্লেখ করে তিনি বলেন, গণমাধ্যমের মাধ্যমে জনগণের কাছে সরকারের দায়বদ্ধতা বজায় থাকবে।